



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-০১)/ ২২৬

তারিখ: ২২.০৫.২০২৫ খ্রি.

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ হতে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব এবং ‘নগদ’ একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ ‘নগদ’-এ রূপান্তর করার সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্র: ক) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(অংশ-০১)/১২৩; তারিখ: ১৫.০৫.২০২৫ খ্রি;
খ) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(অংশ-০১)/১০৪; তারিখ: ২৮.০৪.২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্ৰাপ্ত/উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের মধ্যে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) এবং ‘নগদ’ হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে HSP-MIS সফটওয়্যারে ‘নগদ’-এ রূপান্তর করার সময়সীমা ২২/০৫/২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। এছাড়াও, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগী শিক্ষার্থীদের হালনাগদ/আপডেটকৃত তথ্য অনুমোদনের সময়সীমা ২৫/০৫/২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো।

- ২। অদ্যাবধি HSP-MIS সফটওয়্যারে ‘নগদ’-এ রূপান্তর না হওয়া প্রায় ৯ (নয়) লক্ষ শিক্ষার্থীর মধ্যে প্রায় ৮৫ (পাঁচাশি) হাজার শিক্ষার্থীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর ‘নগদ’-এ রূপান্তর হয়েছে। বাদবাকী প্রায় ৮ (আট) লক্ষের অধিক শিক্ষার্থীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে HSP-MIS সফটওয়্যারে ‘নগদ’-এ রূপান্তর করা হয়নি।
- ৩। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের তালিকা Validation করার বিষয়ে সরকারের সিদ্ধান্ত থাকায় HSP-MIS সফটওয়্যারে বর্তমানে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থীর অভিভাবকের NID ভেরিফিকেশন সম্পন্ন হয়নি তাদের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হতে পারে।
- ৪। সার্বিক অবস্থা বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য আপডেট করার সময়সীমা আগামী ২৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যারে অন্তর্ভুক্ত ‘নগদ’ একাউন্টসমূহের তথ্যাদি যাচাই বাটনে ক্লিক করে পুরনায় সংরক্ষণ করতে হবে।
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগী শিক্ষার্থীদের হালনাগদ/আপডেটকৃত তথ্য অনুমোদনের সময়সীমা আগামী ০১/০৬/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (শিক্ষার্থীদের হিসাব নম্বর নগদে রূপান্তর চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। জনাবসম্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, সম্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য “মোবাইল ব্যাংক তথ্য আপডেট” অপশন চালু নিশ্চিতকরণ এবং HSP-MIS এর নোটিশ বোর্ডে প্রকাশ করার অনুরোধসহ)।
- ১৫। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।